জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ/২৬৪৬ তারিখ ঃ ২৯.০৮.২০২৪

প্রজ্ঞাপন

বিষয় ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটি বাতিলকরণ এবং এডহক কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।
সূত্র ঃ স্মারক নং ০৫.৪১.৩০০০.০২১.৯৯.০০২.২৪-৮৫, তাং-২৭-০৮-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকা (শিক্ষা ও আইসিটি শাখা) কর্তৃক জারিকৃত স্মারক নং ০৫.৪১.৩০০০.০২১.৯৯.০০২.২৪-৮৫ তাং-২৭-০৮-২০২৪ পত্রের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটি বাতিল করা হলো।

কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিধি মোতাবেক বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম পূরণপূর্বক এডহক কমিটি গঠনের লক্ষ্যে সভাপতি ও বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্তে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী তিনজন করে শিক্ষানুরাগী ব্যক্তিগণের নাম প্রস্তাব করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৭.৪.২৫
ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাঃ ০১৭১১৫৬৩৪০০

বিতরণ ঃ
অধিভুক্ত বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;

স্মারক নং-০৭(১৫৩৭)/জাতীঃবি/কঃপঃ / তারিখ ঃ .....
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
(পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো;
৩। পরিচালক, তথ্য ও জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সকল উপ-কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫। অফিস কপি।

২৭.৪.২৫
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যাল